গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-৫ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৮৪.০৫.০০৩.২০ -১৩০

তারিখ : ১১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ।
২৫ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণের বিষয়ে আয়োজিত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি ২০২১-মার্চ ২০২১) পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : শেখ ইউসুফ হারুন
সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়।
তারিখ : ১১/০৩/২০২১ খ্রি.
সময় : সকাল ১১.৪৫ মি:
মাধ্যম : Zoom App (মিটিং আইডি নম্বর: 615 545 1190)।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কাজ শুরু করা হয়। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত) সভাকে অবহিত করেন যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত ২য় প্রান্তিকের সভা গত ডিসেম্বর/২০২০ মাসে অনুষ্ঠিত হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর সিদ্ধান্ত অনুযায়ী প্রতি তিনমাস অন্তর বছরে মোট ৪টি সভা আহবান করা প্রয়োজন। সেই অনুসারে আজ ৩য় প্রান্তিকের সভা আহবান করা হয়েছে। তিনি সভায় আলোচ্য বিষয় সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির জন্য একজন অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও একজন আপিল কর্মকর্তা নিয়োগ ও ওয়েব সাইটের সেবাবক্সে তাদের নাম, ই-মেইল নং ও মোবাইল নং প্রকাশ। | (ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তা নিয়োগ করা হয়েছে এবং সেবাবক্সে তাঁদের তথ্য প্রদান করা আছে।<br><br>(খ) এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের মধ্যে বিসিএস (প্রশাসন) একাডেমি, সরকারী যানবাহন অধিদপ্তর, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এবং বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা এবং আপিল কর্মকর্তা নিয়োগ করা হয়েছে এবং ওয়েব সাইটের সেবা বক্সে এ সংক্রান্ত তথ্য অন্তর্ভুক্ত করা আছে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েব সাইটের সেবা বক্সে দেখা যায় অনিক (অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা) নিয়োগ এর তথ্য সঠিক রয়েছে তবে আপীল কর্মকর্তার নামটি সঠিক নয়। বাংলাদেশ সরকারী কর্মচারী হাসপাতালের সেবা বক্সে এ বিষয়ক তথ্য পাওয়া যায়নি। | সকল দপ্তর/সংস্থায় অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তা নিয়োগ করতে হবে এবং স্ব স্ব ওয়েব সাইটের সেবাবক্সে প্রকাশ করতে হবে। |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

পূর্ব পৃষ্ঠার পর:



| | | | |
|---|---|---|---|
| ০২. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিত করণের জন্য সংশ্লিষ্ট অর্থবছরের প্রতি তিনমাসে একটি করে বছরে মোট চারটি সভা আহবান করতে হবে। | (ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রথম ও দ্বিতীয় প্রান্তিকের সভা গত ২৯.০৯.২০২০ ও ২৯.১২.২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে। আজ আজ ১১.০৩.২০২১ তারিখ তৃতীয় প্রান্তিকের সভা অনুষ্ঠিত হচ্ছে হয়েছে।<br><br>(খ) আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের মধ্যে কোন দপ্তর হতে সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | দপ্তর/সংস্থার কর্তৃক অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে প্রতি তিন মাসে একটি সভা আহবান করতে হবে এবং কার্যবিবরণী এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |
| ০৩. | প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করা এবং নিষ্পত্তির বিবরণী (statement) ওয়েব সাইটে উপস্থাপন। | (ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তির বিবরণী ওয়েব সাইটে প্রতিমাসে প্রকাশ করা হচ্ছে।<br>(খ) আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের মধ্যে শুধুমাত্র সরকারী যানবাহন অধিদপ্তর হতে অভিযোগ নিষ্পত্তির বিবরণী এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে; অন্য কোন দপ্তর হতে পাওয়া যায়নি। | অভিযোগ নিষ্পত্তির বিবরণী স্ব স্ব ওয়েব সাইটে প্রকাশ করতে হবে এবং এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |

## জানুয়ারি-মার্চ মাসে এ মন্ত্রণালয়ে প্রাপ্ত অভিযোগের তথ্য বিবরণী

| মাসের নাম | মোট প্রাপ্তি | | | জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত | অন্যান্য মন্ত্রণালয় সম্পর্কিত | গৃহীত ব্যবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | সরাসরি | অনলাইন | মোট | | | | |
| জানুয়ারি | ৫৮ | ০২ | ৬০ | ১৬ | ৪৪ | অন্যান্য মন্ত্রণালয়ে প্রেরণ ৩৩টি, মন্ত্রিপরিষদ বিভাগ ও অত্র মন্ত্রণালয়ে নিষ্পত্তি ১৬টি এবং ১১টি অভিযোগ নথিজাত। | |
| ফেব্রুয়ারি | ৬৮ | ০৭ | ৭৫ | ১৭ | ৫৮ | অন্যান্য মন্ত্রণালয়ে প্রেরণ ৫১টি, মন্ত্রিপরিষদ বিভাগ ও অত্র মন্ত্রণালয়ে নিষ্পত্তি ১৭টি এবং ০৭টি অভিযোগ নথিজাত। | |
| মার্চ (১০.৩.২০২১ পর্যন্ত) | ১৫ | ০০ | ১৫ | ০২ | ১৩ | অন্যান্য মন্ত্রণালয়ে প্রেরণ ১৩টি এবং মন্ত্রিপরিষদ বিভাগ ও অত্র মন্ত্রণালয়ে নিষ্পত্তি ০২টি। | |
| মোট | ১৪১ | ০৯ | ১৫০ | ৩৫ | ১১৫ | | |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

এ পর্যায়ে মুক্ত আলোচনার জন্য সবাইকে আহ্বান জানানো হয়। সভায় অংশগ্রহনকারীগন জানান জনপ্রশাসন মন্ত্রণালয়ে সুশাসন প্রতিষ্ঠার জন্য গৃহীত পদক্ষেপসমূহ প্রশংসার দাবী রাখে। এ মন্ত্রণালয়ের সুশাসনের জন্য জবাবদিহিমূলক উপকরণসমূহের সেবাবক্সসমূহ যথাযথভাবে হালনাগাদ করা হয়।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে বলেন, সমাজকল্যাণ মন্ত্রণালয় একটি বড় মন্ত্রণালয়। তাঁদের কাজের পরিধিও অনেক বৃদ্ধি পেয়েছে। তাই বিভিন্ন সময়ে পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। পদ সৃজনের বিষয়টি আরো একটু সহজীকরণ করা হলে পদসৃজন কার্যক্রম দ্রুততম সময়ে করা সম্ভব মর্মে তিনি মতামত প্রকাশ করেন।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/৩/২১

(শেখ ইউসুফ হারুন)
সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়।

নং-০৫.০০.০০০০.১৮৪.১৮.০৫.০০৩.২০-১৩০

তারিখ : ১১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ।
২৫ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২. সিনিয়র সচিব/ সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বিদ্যুৎ বিভাগ, পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শ্রম ও কর্মসম্পাদন মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার,ঢাকা।
৪। রেক্টর, বি.সি.এস. (প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা,ঢাকা।
৬। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও,ঢাকা।
৭। মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, নিউ ইস্কাটন,ঢাকা।
৮। পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৯। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষণা/সংগঠন ও ব্যবস্থাপনা/বিধি/সিপিটি/প্রশাসন/এপিডি/শৃঙ্খলা ও তদন্ত/ আইন অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। পরিচালক, সরকারী কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।
১২। যুগ্মসচিব (প্রশাসক/ শৃঙ্খলা-১/২ অধিশাখা/বাজেট/সিপি/পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। উপসচিব (প্রশাসন-৩/শৃঙ্খলা-১/২/৩/৪/সিপি-৩/বাজেট ও অডিট), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৪ শাখা/শৃঙ্খলা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৬। সিস্টেমস এনালিস্ট/পি.এ.সি.সি. জনপ্রশাসন মন্ত্রণালয়।

২৫.৩.২০২১

(নাসরিন সুলতানা)
উপসচিব
ফোন : ৯৫৭৪০৮২
ই-মেইল : dis5@mopa.gov.bd

D:\dis5_all copy\Monthly Report\GRS monthly metting.docx